বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

বিষয় ঃ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	উইং কমান্ডার চৌধুরী মোহাম্মদ জিয়াউল কবীর পরিচালক (এফএসআর)
তারিখ	ঃ	০৫-১২-২০১৭
সময়	ঃ	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	ঃ	এফ.এস.আর বিভাগের সম্মেলন কক্ষ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ইনোভেশন টিমের সভা উপরোল্লিখিত সময় ও তারিখে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় উপস্থিতি তালিকা পরিশিষ্ট-ক (০১ পাতা) এ সংযুক্ত।

১.	উইং কমান্ডার চৌধুরী মোঃ জিয়াউল কবীর পরিচালক (এফ.এস.আর)	-	ইনোভেশন অফিসার
২.	জনাব মোঃ মিজানুর রহমান উপ-পরিচালক (এটিএস)	-	সদস্য
৩.	জনাব এ কে এম ফায়জুল হক উপ-পরিচালক (এটি)	-	সদস্য
৪.	জনাব মোহাম্মদ নূরুল ইসলাম উপ-পরিচালক (প্রশাসন)	-	সদস্য
৫.	জনাব এ.এস.এম খালেদ সহকারী পরিচালক (ফায়ার)	-	সদস্য
৬.	জনাব মুহাম্মদ আব্দুল মোনেম সহকারী পরিচালক (কমঃ ইঞ্জিঃ)	-	সদস্য
৭.	জনাব মোহাম্মদ আবিদুল ইসলাম সহকারী পরিচালক (প্রশাসন)	-	সদস্য/ফোকাল পয়েন্ট
৮.	জনাব মোঃ তৌহিদুল ইসলাম যোগাযোগ প্রকৌশলী	-	সদস্য

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরবর্তীতে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য সহকারী পরিচালক (প্রশাসন)/ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আহ্বান জানান। সহকারী পরিচালক (প্রশাসন) সভায় উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় করে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়-১ ঃ বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

সভায় ইনোভেশন টিমের বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, ২০/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত টিমের সভার বেবিচ কর্তৃপক্ষের সেবার মান উন্নয়নের লক্ষ্যে ৫ (পাঁচ)টি ইনোভেটিভ আইডিয়া চিহ্নিত করে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ ও তা মন্ত্রণালয়কে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সে মোতাবেক ০৬/০৯/২০১৭ তারিখে পত্র মারফত তা মন্ত্রণালয়কে অবহিত করা হয় এবং আইডিয়াসমূহ বাস্তবায়নের বিষয়ে প্রারম্ভিক পদক্ষেপ গ্রহণ করা হয়। এছাড়া, কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে ইনোভেটিভ আইডিয়া সংগ্রহের জন্য এবং উত্তম আইডিয়া প্রদানকারীকে বছর শেষে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে মোতাবেক ১০/০৯/২০১৭ তারিখে সবাইকে অবহিত করে একটি পত্র জারী করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

ইনোভেশন টিমের বিগত সভার সিদ্ধান্তের বিষয়ে কারো কোনো আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

চলমান পাতা/০২

আলোচ্য বিষয়-২ ঃ 'Digital Airport Service Bangladesh' শীর্ষক ই-সার্ভিস বাস্তবায়ন।

ইতোপূর্বে ইনোভেশন টিমের বিগত সভায় সংস্থার সেবার মান উন্নয়নের লক্ষ্যে যে ৫ (পাঁচ)টি ইনোভেটিভ আইডিয়া চিহ্নিত করে তা বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়েছিল তন্মধ্যে ১ নম্বরে উল্লিখিত BD Airport Guide প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের আওতায় অগ্রাধিকারভুক্ত হিসেবে চিহ্নিত করে তা বাস্তবায়নের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়েছে। বিমান বন্দর ব্যবহারকারী যাত্রীসাধারণকে প্রয়োজনীয় বিভিন্ন তথ্য (ফ্লাইট, ব্যাগেজ, ইমিগ্রেশন প্রভৃতি) অ্যাপ-এর মাধ্যমে সেলফোনে সরবরাহের উক্ত ইনোভেটিভ আইডিয়াটি সম্পর্কে সভায় আলোচনা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়ের যৌথ উদ্যোগে ২২/১০/২০১৭ হতে ২৬/১০/২০১৭ পর্যন্ত e-service এর উপর রাঙামাটিতে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় সিএএবি'র "ই-সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা" প্রণয়ন করা হয়েছে এবং প্রস্তাবিত ই-সার্ভিসটি 'Digital Airport Service Bangladesh' হিসেবে নামকরণ করে পরবর্তীতে এর TOR প্রস্তুত করা হয়েছে। গত ১৫/১১/২০১৭ তারিখে বেবিচক চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ই-সার্ভিসটির উপর একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য ই-সার্ভিসটির TOR পরিচালক, হযরত শাহজালাল আন্তঃ বিমানবন্দর কর্তৃক বাস্তবায়নের জন্য এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম সার্কেল)-এর অনুকূলে হশাআবি'র তৃতীয় প্রান্তিকভবন প্রকল্প (3rd Terminal Project)-এ অন্তর্ভুক্তির জন্য প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

'Digital Airport Service Bangladesh' শীর্ষক সার্ভিসটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দকে পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নকারী ঃ ইনোভেশন অফিসার/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম, সিএএবি।

আলোচ্য বিষয়-৩ ঃ বেবিচক-এর ওয়েবসাইটে আইডিয়া প্রদান সংক্রান্ত প্ল্যাটফরম চালু।

সভায় আলোচনা হয় যে, বেবিচ কর্তৃপক্ষের ওয়েবসাইটে উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত একটি সার্ভিস বক্স রয়েছে। উক্ত বক্সে 'ইনোভেশন টিম' শীর্ষক সার্ভিসের লিংকে টিমের সকল সদস্যের নামের পার্শ্বে তাদের ই-মেইল ঠিকানা সংযুক্ত করা প্রয়োজন, যাতে যেকোনো ব্যক্তি তাদের আইডিয়া উক্ত ই-মেইলে প্রেরণ করতে পারেন। ইনোভেশন টিমের প্রতি সভায় টিমের সদস্যগণ অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই-বাছাই করবেন।

সিদ্ধান্ত ঃ

ওয়েবসাইটে 'উদ্ভাবনী কার্যক্রম' শীর্ষক সার্ভিস বক্সের 'ইনোভেশন টিম' সার্ভিসের মধ্যে টিমের সকল সদস্যের নামের পার্শ্বে তাদের ই-মেইল ঠিকানা সংযুক্ত করার জন্য পরিচালক (যোগাযোগ)-কে অনুরোধ জানানো হলো।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(উইং কমান্ডার চৌধুরী মোহাম্মদ জিয়াউল কবীর)
পরিচালক (এফএসআর)
ও
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

নং-৩০.৩১.০০০০.২১১.৫২.০০২.১৭- ৪৪৮৫ তারিখ ঃ ১২ /১২/২০১৭

বিতরণ ঃ

১। পরিচালক (যোগাযোগ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২। জনাব মোঃ মিজানুর রহমান, উপ-পরিচালক (এটিএস) ও সদস্য, ইনোভেশন টিম, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩। জনাব এ কে এম ফায়জুল হক, উপ-পরিচালক (এটি) ও সদস্য, ইনোভেশন টিম, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৪। জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন) ও সদস্য, ইনোভেশন টিম, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৫। জনাব এ.এস.এম খালেদ, সহকারি পরিচালক (ফায়ার) ও সদস্য, ইনোভেশন টিম, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৬। জনাব মুহাম্মদ আব্দুল মোনেম, সহকারি পরিচালক (কমঃ ইঞ্জিঃ) ও সদস্য, ইনোভেশন টিম, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৭। জনাব মোহাম্মদ আবিদুল ইসলাম, সহকারি পরিচালক (প্রশাসন) ও সদস্য/ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৮। জনাব মুহাম্মদ আনোয়ার হোসেন, যোগাযোগ কর্মকর্তা ও সদস্য, ইনোভেশন টিম, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৯। জনাব মোঃ তৌহিদুল ইসলাম, যোগাযোগ প্রকৌশলী ও সদস্য, ইনোভেশন টিম, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১০। জনাব মোঃ আব্দুল লতিফ, ড্যাপো ও সদস্য, ইনোভেশন টিম, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি ঃ

১। জনাব ইসরাত চৌধুরী, উপ-সচিব (সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

12.12.2017

(মোহাম্মদ আবিদুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ